

ঢাকা বিশ্ববিদ্যালয়
ইংরেজী পাঠ্যপুস্তকের
বঙ্গানুবাদ করতে বিশেষ
কর্মসূচী গ্রহণের আহবান

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।
ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি
আয়োজিত একশের তাৎপর্য শীর্ষক এক
আলোচনা সভায় বক্তাগণ মাতৃভাষা
বাংলাকে শিক্ষার উচ্চ স্তরে প্রতিষ্ঠিত
করার জন্য ইংরেজী পাঠ্যপুস্তক
বঙ্গানুবাদকল্পে বিশেষ কর্মসূচী গ্রহণের
জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি
আহবান জানিয়েছেন।
শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

ডিন জেট নিয়াজে কমিটি

ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর
একশের সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ক্লাবে
অনুষ্ঠিত এ আলোচনা সভায় সভাপতিত্ব
করেন সমিতির সভাপতি প্রফেসর এম
আমিনুল ইসলাম। সভায় বক্তাগণ ভাষা
আন্দোলনের অনুপ্রেরণা থেকে শিক্ষা
নিয়ে চলমান গণতান্ত্রিক আন্দোলনে
শিক্ষক সমাজের সক্রিয় অংশগ্রহণের
উপর গুরুত্বারোপ করেন।
দেশের অগণিত নিরক্ষর মানুষকে শিক্ষিত
করে তোলার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের
উদ্যোগে একটি গণশিক্ষা কর্মসূচী গ্রহণের
কথাও সভায় বলা হয়। প্রচলিত প্রাথমিক
শিক্ষা পদ্ধতিকে বৈষম্যমূলক আখ্যায়িত
করে বক্তাগণ অভিন্ন শিক্ষা ব্যবস্থা
প্রবর্তনের দাবী জানান। তারা একশের
শহীদদের স্মৃতি অমর করে রাখার লক্ষ্যে
কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর সংলগ্ন স্থানে
একটি যাদুঘর ও পাঠাগার প্রতিষ্ঠার দাবী
জানান। সভায় বিশ্ববিদ্যালয় এলাকায়
অবস্থিত উদয়ন স্কুলের নাম পরিবর্তন
করে "অমর একুশে ফেব্রুয়ারী বিদ্যালয়"
 রাখার প্রস্তাব করা হয়।